কুষ্টিয়ায় এমপি নুসরাতের বাড়িতে পেট্রোল বোমা নিক্ষেপ



ছবি: সংগৃহীত

সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেত্রী নুসরাত তাবাসসুম জ্যোতির কুষ্টিয়ার দৌলতপুরের গ্রামের বাড়িতে পেট্রোল বোমা নিক্ষেপের ঘটনা ঘটেছে। এতে তাঁর বাবা-মাসহ পরিবারের কয়েকজন সদস্য আহত হয়েছেন বলে জানিয়েছেন তিনি।

বুধবার (১১ নভেম্বর) রাতে নিজের ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া পোস্টে নুসরাত জানান, তাঁদের বাড়িতে পেট্রোল বোমা ছোড়া হয়েছে। কারা এ হামলা চালিয়েছে, তা তিনি জানেন না।

হামলার ঘটনায় ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, এভাবে তাঁর কণ্ঠ থামিয়ে দেওয়া যাবে না। আগুনের পথ পেরিয়েও নিজের কাজ চালিয়ে যাবেন বলে জানান তিনি। পোস্টের শেষে 'ইনকিলাব জিন্দাবাদ' স্লোগানও দেন।

নুসরাত জানান, বুধবার রাত পৌনে ১২টার দিকে দৌলতপুরে তাঁদের গ্রামের বাড়িতে দুর্বৃত্তরা পেট্রোল বোমা নিক্ষেপ করে। এতে তাঁর বাবা-মাসহ পরিবারের কয়েকজন সদস্য আহত হন।

এনসিপির মিডিয়া সম্পাদক ইয়াসির আরাফাতের অভিযোগ, নিষিদ্ধ আওয়ামী লীগের দুর্বৃত্তরা এ হামলা চালিয়ে থাকতে পারে।

বৃহস্পতিবার রাত দেড়টার দিকে দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালেদুর রহমান জানান, বাড়ির গরু রাখার একটি ঘরে আগুন লাগে। প্রতিবেশীরা আগুন নিভিয়ে ফেলেন। পরে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছান। ওই ঘরে থাকা গরুগুলো নিরাপদে বের করে আনা হয়েছে। এতে বড় ধরনের কোনো ক্ষয়ক্ষতি হয়নি।